

● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ●

॥ জয় নিতাই ॥ ॥ জয় নিতাই ॥ ॥ জয় নিতাই ॥ ॥

সুধী, গৌর ভক্তবৃন্দ,  
সবিনয় নিবেদন,

কালের আবর্তনে আবার আসছে সেই তিথি, বহু জনমের সাধনায় পাওয়া তিথি জ্যৈষ্ঠের শুক্লা ত্রয়োদশী।  
পানিহাটীর সুপ্রসিদ্ধ “দগুমহোৎসব” এবার ইংরাজী ১৫ই জুন ২০১৯, বাংলা ৩১শে জ্যৈষ্ঠ ১৪২৬, শনিবার।

৯২৩ বঙ্গাব্দের ১৫১৬ খ্রীষ্টাব্দে জ্যৈষ্ঠ মাসের শুক্লা ত্রয়োদশীতে গঙ্গার তীরে বটবৃক্ষ তলে  
সপ্তগ্রামের জমিদার তনয় রঘুনাথ দাসকে “কৃপা”- দণ্ড দান করেছিলেন নিত্যানন্দ প্রভু আর রঘুনাথ  
করেছিলেন মহোৎসব - যা দগুমহোৎসব রূপে চির প্রসিদ্ধ লাভ করেছে। পরে তিনি হয়েছিলেন  
সর্বত্যাগী সন্ন্যাসী দাস রঘুনাথ বৈষ্ণব মন্ত্রের ষড় গোসাঁই-এর অন্যতম। সেই সময় প্রভু নিত্যানন্দ বাস  
করেছিলেন পানিহাটীর - ঐহিতাসিক রাঘব ভবনে।

বিশ্রুত পণ্ডিত রাঘব, যাঁর আকুল আহুানে ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য এসেছিলেন পানিহাটীতে দুবার।  
রাত্রি অতিবাহিত করেছিলেন তাঁর গৃহে। রাঘবের সেবায় পরিতুষ্ট হয়ে বলেছিলেন, রাঘব তোমাকে  
আমার নিজগোপ্য কই। আমার দ্বিতীয় নাই, নিত্যানন্দ বই। মহাপ্রভু শ্রীমুখে আরও বলে গেছেন-



চারি ঠাই আমি থাকিব সর্বদাই  
শ্রীশচীর রন্ধনে, শ্রীবাস অঙ্গনে  
শ্রী নিত্যানন্দ নর্তনে আর শ্রী রাঘব ভবনে।  
নিত্য মম আবির্ভাব শুন ভক্তজনে



এই রাঘব ভবন থেকে যাত্রা শুরু হয়েছিলো গৌড়ীয় বৈষ্ণব দর্শনের জয়যাত্রা। সূচনা করেছিলেন প্রভু  
নিত্যানন্দ মহাপ্রভুর নির্দেশে।

এর জন্য প্রভু নিত্যানন্দ রাঘবের গৃহে বাস করেছিলেন তিন মাস সেই সময় এই “দগু মহোৎসব”।  
এই গৃহেই রয়েছে রাঘব পণ্ডিতের কুলদেবতা শ্রীশ্রী রাধামদন মোহন জীউ এবং দাস রঘুনাথের কুলদেবতা  
শ্রীশ্রী রাধারমন জীউ। নিত্য এঁরা সেবিত হচ্ছেন, এই সেবা পূজার দায়িত্বে আছেন শ্রীশ্রী রাঘব পণ্ডিত  
সেবা সমিতি এবং পানিহাটী বৈষ্ণব স্মৃতি সংরক্ষণ ও সেবা সমিতির সেবকবৃন্দ।

প্রায় ৫০৩ বৎসর ধরে চলে আসছে এই মহান উৎসব। সমবেত হন লক্ষ লক্ষ ভক্তবৃন্দ, আকাশ  
বাতাস মুখরিত হয় হরি-ধ্বনিতে। শ্রীশ্রী রাঘব পণ্ডিত সেবা সমিতির সেবকবৃন্দ সমবেত ভক্তগণকে  
জানায় সাদর অভ্যর্থনা, তাঁদের সেবায় তারা থাকে সদা নিয়োজিত।

সকলেই জানেন “রাঘব ভবন” অতি পবিত্র স্থান। দূর থেকে আগত ভক্তগণ চান দু-এক রাত্রি  
অতিবাহিত করতে। এখন থেকে রাত্রি বাসের ব্যবস্থা ও সম্ভব হয়েছে।

তবে, এখনও কিছু কাজ বাকী। বর্তমানে আমরা বিশাল কর্মযজ্ঞে সামিল হয়েছি, এর জন্য  
সহযোগিতার হাত বাড়িয়ে দেবার আবেদন জানায় “রাঘব ভবন” সমিতির কর্তৃপক্ষ। আসুন এই মহান  
ব্রতে ব্রতী হবার জন্য জানাই সাদর আমন্ত্রণ-এই আমাদের মিনতি এবং প্রার্থনা। প্রভু নিত্যানন্দ প্রীত  
হবেন, তাঁর কৃপাকণা বর্ষিত হবে।

রাঘব ভবন

০২/০৬/২০১৯

পাটবাড়ী লেন, পো- পানিহাটী,

কালকাতা-১১৪

পি.সি.ওঃ ২৫৮৩-১১০০

জয় নিতাই

বিনীত

বৈষ্ণব পদরজপ্রার্থী

রাঘব ভবনের সেবকবৃন্দ

মো-৮৬৯৭২৯০৯৫৭

**রাঘব ভবনে বৈষ্ণব খণ্ড নির্মানকল্পে**

**মুক্ত হস্তে দান করুন।**

● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ●

ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ●

ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ● ভজ নিতাই গৌর রাধে শ্যাম ●